R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিণ্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পাণ্ডিত ( দাদাঠাকুর )

আপনার জমি চাষ কি সমস্যা ?
একই জমি থেকে একাধিকবার ফসল তুলতে খরা ও বর্ষায় সু-নিশ্চিত চাষের জন্য ট্রাকটর দিয়ে চাষ করুন। এতে পয়সা ও সময় দুয়েরই সাশ্রয় হবে।
ট্রাকটর, পাম্পসেট ভাড়া ও বিভিন্ন সারের জন্য যোগাযোগ করুন। আপনাদের সেবায় নিয়োজিত।
অজয় এগ্রো সার্ভিস সেণ্টার
মির্জাপুর, পোঃ গনকর ( মুর্শিদাবাদ )

৬২শ বর্ষ
২১শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৪ঠা কার্তিক বুধবার, ১৩৮২ সাল।
২২শে অক্টোবর, ১৯৭৫ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## জেলার ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর সাহায্যে ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থা

বিশেষ প্রতিনিধি, ১৮ অকটোবর—মুর্শিদাবাদ জেলার পোড়-খাওয়া গ্রামীণ অর্থনীতিতে বৈষম্য দূর করে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের উন্নত ধরনের কৃষি পদ্ধতি, সার, সেচ ইত্যাদি ব্যবহারের সুযোগ দিয়ে গ্রামীণ অর্থনীতির বিকাশ সাধনে সুখী পরিবার গড়ে তোলার উদ্দেশে মুর্শিদাবাদ ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থা জেলার ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর পাশে এসে দাঁড়িয়েছেন। চলতি আর্থিক বছরে এ বাবদ একটি প্রোজেকট রিপোরট তৈরী করে কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং ভূমিহীন কৃষকদের সর্বাত্মক সাহায্যের সংস্থান রাখা হয়েছে সেই প্রকল্পে। এস এফ ডি এ বা ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থার পদক্ষেপ মুর্শিদাবাদ জেলাতে এই প্রথম। আজ বহরমপুর সারকিট হাউসে জেলা শাসক, মহকুমা শাসক, উন্নয়ন সংস্থাধিকারিক এবং সাংবাদিকদের সঙ্গে বৈঠকে বসে এ খবর দেন সংস্থার চেয়ারম্যান জয়নাল আবেদিন। তিনি জানান, মুর্শিদাবাদ জেলা কৃষি নির্ভর। এখানে ৪৪ শতাংশ প্রান্তিক ( যাঁদের চাষের জমির পরিমাণ আড়াই একর বা তার কম ) চাষী এবং ৩০ শতাংশ ক্ষুদ্র ( যাঁদের চাষের জমির পরিমাণ সাড়ে সাত একরের মধ্যে ) চাষীর বাস। ক্ষুদ্র সেচ, জমি তৈরী ও সমতলকরণ এবং যন্ত্রপাতি ক্রয় ও পশুপালনের জন্য সংস্থা মারফৎ প্রান্তিক চাষীদের এক-তৃতীয়াংশ এবং ক্ষুদ্র চাষীদের ২৫ শতাংশ অনুদান দেওয়া হবে। উৎপাদিত পণ্য গুদামজাত করার তাগিদে গুদাম ঘর বা ঠাণ্ডা ঘরের জন্য ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থা ২৫ শতাংশ, রাজ্য সরকার সাড়ে বার শতাংশ এবং এন সি ডি সি দেবেন ষাট শতাংশ। বাকী সাড়ে বার শতাংশ টাকা সমবায় সংস্থার মাধ্যমে জোগাড় করতে হবে। এ ছাড়াও আম, লিচুর প্রসেসিং সেনটার এবং জেলার সাড়ে চার হাজার তুঁত চাষীর তুঁত চাষের জন্য ২৫ শতাংশ করে অনুদানের সংস্থান রাখা হয়েছে। আধুনিক চাষাবাদের জন্য অঞ্চল পঞ্চায়েত থেকে পাওয়ার টিলার কিনে দিলে এই সংস্থা অঞ্চলকে ৫০ শতাংশ অনুদান

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## হাসপাতাল থেকে ১০হাজার ট্যাবলেট উধাও

সাগরদীঘি, ১৭ অকটোবর—ভুরকুণ্ডা উপ-স্বাস্থ্যকেন্দ্র থেকে সাত অকটোবর রাত্রে দশ হাজার সালফাগুয়েনাইড ট্যাবলেট, আটটি বেডশীট ও দুটি মশারী রহস্যজনকভাবে উধাও হয়েছে বলে এই থানায় একটি অভিযোগ লিপিবদ্ধ হয়েছে। এ খবর লেখা পর্যন্ত চুরির কোন কিনারা হয়নি।

## বিপিনবাবুর কারণ সুধায় খুনের নেশা

নিজস্ব প্রতিনিধি, ১৮ অকটোবর—বিজয়া দশমীর রাত্রে মদমত্ততায় একটি খুনের ঘটনায় শহর রঘুনাথগঞ্জে বিষাদের ছায়া নেমে আসে। প্রকাশ, সেই রাত্রে মদের একটি বোতল নিয়ে রঘুনাথগঞ্জ থানার সামনে মদের দোকানের কাছাকাছি প্রকাশ্য রাজপথে রাণীনগরের রাধা মণ্ডল ও আইলের উপরের নিমাই মণ্ডলে ঝগড়া বাধে। ফুলতলায় পৌঁছে নিমাই ছোড়া মারে রাধাকে। আশংকাজনক অবস্থায় তাকে বহরমপুর সদর হাসপাতালে স্থানান্তরিত করা হলে যমে-মানুষে লড়াই করার পর গতকাল সে মারা যায়। পুলিশ নিমাই মণ্ডলকে গ্রেপ্তার করেছে। ওই রাত্রেই ভাগীরথীতে নৌকা বাইচ করার সময় সমীর সিংহ রায় নামে এক যুবক নদীতে পড়ে গিয়ে ডুবে মারা যায়। সপ্তমীর দিন দিদিমার সঙ্গে স্নান করতে গিয়ে রঘুনাথগঞ্জের ঝিমলী ( ৮ ) নামে এক কিশোরী ভাগীরথীতে ডুবে মারা যায় এবং নবমীর দিন খড়খড়িতে জলমগ্ন হয়ে আরও একজন মারা যায়। দশমীর সন্ধ্যায় রঘুনাথগঞ্জের ছোটকালিয়া গ্রামে প্রতিমা নিরঞ্জন শোভাযাত্রায় সংঘর্ষ বাধলে দুর্গা প্রতিমা ভাঙচুর হয় বলে খবর পাওয়া গিয়েছে।

সারা দেশে প্রকাশ্যে মদ বিক্রী নিষিদ্ধ হওয়ার পর পূজোর সময় রঘুনাথগঞ্জে মদ খাওয়ার ঝোঁক বেশী দেখা গিয়েছে যুবকদের মধ্যে। নবমীর দিন সদরঘাটে একটি চায়ের দোকানে প্রকাশ্যে ৪ জন যুবককে মদ খেতে দেখা

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ধুলিয়ানের দু'নম্বর ওয়ারড নিশ্চিহ্ন

ধুলিয়ান, ৩ অকটোবর—কীর্তিনাশার ভাঙ্গনে ধুলিয়ান শহর এবার তার পুরসভার দু'নম্বর ওয়ারডটি সম্পূর্ণরূপে হারালো। গত সপ্তাহে তার শেষ চিহ্ন ময়না বিড়ি ফ্যাকটরীসমেত কয়েকটি বাড়ী গঙ্গা-গর্ভে বিলীন হয়ে গিয়েছে। এ খবর লেখা পর্যন্ত ভাঙ্গন অব্যাহত আছে। কীর্তিনাশা এখন ভেতর ভেতর ফুঁসছে, কুরে কুরে খাচ্ছে ভাঙ্গনবিধ্বস্ত ধুলিয়ানের ডাঙ্গা।

## বড়শিমুলে এক নম্বর স্পারে ফাটল

জঙ্গিপুর, ২০ অকটোবর—রঘুনাথগঞ্জ দু'নম্বর ব্লকের বড়শিমুলে পদ্মার এক নম্বর স্পারে ফাটল দেখা দিয়েছে। এখানে তিনটি স্পার আছে। ফাটল দেখা দেওয়ায় স্পারগুলি নদীগর্ভে বিলীন হওয়ার এবং নতুন করে ভাঙ্গন শুরু হওয়ার আশংকা দেখা দিয়েছে। কুতুবপুরে আবার ভাঙ্গন আরম্ভ হয়েছে। গ্রামবাসীরা সমূহ বিপদের আশংকায় চিন্তিত হয়ে পড়েছেন। মহকুমা শাসককে আজ এ সম্পর্কে ওয়াকিবহাল করা হয়েছে। যুবনেতা রবীন্দ্র পণ্ডিত এ খবর দিয়েছেন।

ফোন—অরঙ্গাবাদ—৩২
মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং ( প্রাঃ ) লিঃ
হেড অফিস—অরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ )
রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৪ঠা কার্ত্তিক বুধবার, সন ১৩৮২ সাল।

## বিজয়া দশমী

৺বিজয়ার পর জঙ্গিপুর সংবাদের এই প্রথম প্রকাশ আমাদের গ্রাহক-অনুগ্রাহক, পাঠক-পাঠিকা, বিজ্ঞাপন-দাতা-পৃষ্ঠপোষক, বিভিন্ন সহযোগী পত্রিকা, সাংবাদিক ও জঙ্গিপুর সংবাদ প্রতিনিধিদের ৺বিজয়ার সান্তর অভিনন্দন ও সাদর সম্ভাষণ জানাইতেছি। জানাইতেছি ঈদল-ফেতরের শুভেচ্ছা ও প্রীতি। সুপ্রাচীন যুগে আর্য ঋষিগণ 'শৃণ্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রাঃ' মন্ত্রে সকলকে আপনজন বলিয়া ভাবিবার যে পথনির্দেশ করিয়া গিয়াছেন, ৺বিজয়া তাহারই এক প্রতিধ্বনি বিশেষ। গুরুজনদের প্রতি ভক্তিশ্রদ্ধা নিবেদন, স্নিগ্ধদের প্রীতি-আলিঙ্গন দান বন্ধুবান্ধব প্রভৃতিদের শুভেচ্ছা জ্ঞাপন, তাহার সহিত খই-মুড়কি, নারকল নাড়ু, মিষ্টান্ন ইত্যাদি সহযোগে মিষ্টিমুখ প্রভৃতির মধ্য দিয়া সর্বশ্রেষ্ঠ মিলনোৎসব পালিত হয়। দশেরা উৎসব ইহারই একটি অঙ্গ বিশেষ।

হালফিল এই বিজয়া দশমীকে কেন্দ্র করিয়া মদ্যপানের মত নানা প্রকার পাপাচার, উচ্ছৃঙ্খলতা ইত্যাদি সমাজে প্রশ্রয় পাইতেছে। অঘটনও ঘটিতেছে তবু রুখিয়া দাঁড়াইবার মত সজ্জনদের আবির্ভাব ঘটিতেছে না—ইহাই চিন্তার বিষয়। অথচ সাবেক আমলে দেখা যাইত খোল লইয়া একাদশীর সকালে বৈরাগীকে গান গাহিয়া বাড়ী বাড়ী ঘুরিতে :

'গিরি গৌরী আমার এসেছিল।
স্বপ্নে দেখা দিয়ে চৈতন্য করিয়ে
চৈতন্যরূপিণী কোথা লুকাইল ?'

কিন্তু তখনকার শূন্যতাবোধ ছিল শূন্য দেবীমন্দিরের মতই বিরাট। বাঙালীর মানসিকতায়, সাধকের অন্তর্লোকে, দেবী এখন অনন্তলোকে বিরাজমানা। একদিন তাহার বাহ্য আবির্ভাব ঘটাইয়া সাধক-মনের সাধ মিটাইবেন। তথাপি এই সব তত্ত্ব ছাড়িয়া, সব কিছুকে কাটাইয়া মায়ের প্রস্থানে সন্তানের অন্তরের কিংবা কন্যার বিদায়ে মাতাপিতার মনের শূন্যতাটুকুই শাশ্বত—যাহা বাঙালীকে শত্রুমিত্র ভেদাভেদ ভুলিয়া সকলকে প্রীতি-বন্ধনে আবদ্ধ করিতে প্রণোদিত করিয়াছে। মনের সর্বপ্রকার মালিন্য দূর করিয়া মুহূর্তের জন্য এক মহৎ মানবিকতার প্রতিষ্ঠা—ইহাই ৺বিজয়ার অবিস্মরণীয় অবদান। তাই দেবীর প্রস্থানপর্ব 'বিজয়া'র নাম সার্থক। সার্থক বাঙালীর এই মৌল চিন্তা-ভাবনা যাহা তাহার একান্ত নিজস্ব।

## শিক্ষাক্ষেত্রে কর্মযজ্ঞ—১

### মাধ্যমিক শিক্ষার নববিধানে কর্মশিক্ষা প্রকল্প

**সত্যনারায়ণ ভকত ঃ** বেশ কয়েক বছর আগে আমরা যখন স্কুলে পড়তাম তখন ক্লাসের ফাঁকে ফাঁকে স্কুল চত্বরের চোর কাঁটার জঙ্গল উপড়ে ফেলা বা ছড়িয়ে ছিটিয়ে থাকা কাগজের টুকরো, ইটের টুকরো ইত্যাদি পরিষ্কার করা এবং মাঝে মধ্যে ক্ষয়ে যাওয়া খেলার মাঠ মাটি দিয়ে ভরাট করা ছাড়া স্কুলের কাজের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে থাকার কোন সুযোগ ছিল না। পিরিয়ডের ঘণ্টা, বিশেষ করে শেষ পিরিয়ডের শেষ ঘণ্টাটি শোনার জন্য আমরা ব্যস্ত হয়ে পড়তাম। একটানা ক্লাস করার ক্লান্তি এক ফোঁটা ছুটির আমেজে গা ভাসিয়ে কাজের মেজাজ তৈরী করার উপযুক্ত প্রকল্প কর্মশিক্ষা আমাদের আমলে ছিল না। এদিক দিয়ে আমরা ছিলাম বঞ্চিত।

কিন্তু মাধ্যমিক শিক্ষার নববিধানে এ বছর থেকে কর্মশিক্ষা স্থান পেয়েছে। এই শিক্ষা প্রকল্প অবসরের অবসাদের মাঝে এনে দিয়েছে সৃষ্টির যন্ত্রণা। সেই যন্ত্রণায় উন্মাদ হয়েছে কিশোর-বালক-যুবা, আমাদের ভবিষ্যৎ। স্কুলগুলোতে শুরু হয়েছে কর্মযজ্ঞ। এক একটা স্কুল যেন বিশ্বকর্মার এক একটা কর্মশালা। ছাত্র-ছাত্রীর উৎসাহ-উদ্দীপনা যেন আগুনের স্ফুলিঙ্গ, শিক্ষকদের প্রেরণা যেন জ্বলন্ত হাপর। এই কর্মশালায় সবাই কর্মী। শিক্ষক-ছাত্রের ব্যবধান অন্তর্হিত। পরিবর্তে স্নেহ-বাৎসল্য, শ্রদ্ধা-ভক্তি, নিষ্ঠা-শৃঙ্খলা প্রভৃতি পুনঃ প্রতিষ্ঠিত। শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের হতাশায় কর্মযজ্ঞের পদক্ষেপ সময়োচিত।

একশ নম্বরের বিষয়টি ভাগ করা হয়েছে পাঁচ ভাগে। প্রতিটি ভাগের জন্য নম্বর নির্ধারণ করা হয়েছে পৃথক্-ভাবে। যেমন : কর্মশিক্ষা—৫০, স্কুল পারফরমেনস্—১০, সোসাল—১০, ফিজিক্যাল এডুকেশন—৩০, সাকুল্যে—১০০। প্রত্যেক স্কুল নিজেদের সুযোগ-সুবিধামত উপযুক্ত প্রকল্প বেছে নিয়ে কাজ শুরু করেছে। আমাদের মহকুমার মধ্যে বাড়ালা রামদাস সেন উচ্চমাধ্যমিক বিদ্যালয় তিনটি প্রকল্প হাতে নিয়েছে : (১) কৃষি (২) কিচেন গারডেন (৩) একসারসাইজ বুক বাইনডিং। এ সবের কাজও দ্রুতগতিতে এগিয়ে চলেছে। মির্জাপুর দ্বিজপদ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় উদ্যোগ নিচ্ছে। এখন পর্যন্ত সব চেয়ে ভালো ফল হয়েছে সাগরদীঘি সুরেন্দ্রনারায়ণ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে। এখানে আটটি প্রকল্প ইতিমধ্যেই চালু হয়েছে এবং আরও আটটি প্রকল্প চালুর জন্য উদ্যোগ আয়োজন চলছে। তার মধ্যে কয়েকটির কাজ প্রাথমিকভাবে আরম্ভ করা হয়েছে।

( চলবে )

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### শুক্রবার অফিস যাই না

পুরপতির অনুপস্থিতিতে পুরসভার সমস্ত কাজের দায়িত্ব উপ-পুরপতি হিসাবে আমার ওপর থাকে, ইহা নিঃসন্দেহে সত্য। তবে এই তথাকথিত ঘটনার বিষয়টি ( 'পুর বড়বাবু প্রহৃত—' ৮ অকটোবর, জঙ্গিপুর সংবাদ ) উদ্দেশ্যমূলকভাবে উপস্থাপনা করা হয়েছে বলে আমার মনে হয়। ঘটনার দিনটি ছিল শুক্রবার ; ঐ বারে আমি কোনদিনই অফিস যাই না। গেলেও বৈকালবেলায় যাই—এ বিষয় অফিসের সকলেই জানেন। ঘটনার দিন সকালে অফিস থেকে প্রেরিত দুইটি বিল আমার বাড়ী এসে সহি করে নিয়ে যাওয়া হয়। উক্ত সময়েই অর্থাৎ ৩ অক্টোবর ঐ বিলের সঙ্গে বেতনের টাকার চেকটি সহির জন্য অফিস আমার নিকট পাঠাতে পারতো। তাহলে বেতন পেতে বিলম্বের প্রশ্নই উঠতো না। আমি ঘটনার দিন অফিস যাই শিক্ষকদের একান্ত অনুরোধে, তাদের বেতন পাওয়াটা তরান্বিত করার জন্য। গিয়ে শিক্ষকদের মধ্যে স্বাভাবিকভাবেই একটা উত্তেজনার ভাব দেখি। এমনিতেই নানাভাবে শিক্ষকদের বিলের টাকা ক্যাশ করতে ১০/১২ দিন বিলম্ব হয়ে গিয়েছিল। ফলে শিক্ষকরা উত্তেজনায় আমার সঙ্গে কথাবার্ত্তা বলছিলেন, কেউ কেউ মহকুমা শাসকের নিকটও গিয়েছিলেন। আমিও ব্যাঙ্কের এজেন্ট ও মহকুমা শাসককে টেলিফোন করি। তাঁর এবং এজেন্টের সৌজন্যেই দেরী হয়ে গেলেও চেক ক্যাশ করা সম্ভব হয়। এক্ষেত্রে একটিই প্রশ্ন স্বাভাবিক-ভাবে মনে জাগে যে, কেন চেক ঠিক সময় লেখা হল না। উত্তেজনার কারণ ঘটে চেক না লেখা হওয়ার ফলেই। আমি বেলা ২ টার সময় অফিসে গিয়ে চেক লেখার ব্যবস্থা করাই, ফলে দেরী হয়। শিক্ষকদের নামে যে অভিযোগ করা হয়েছে, তাহা অসত্য, কারণ ঘটনাস্থলে আমি নিজে উপস্থিত ছিলাম। এমন কি পুর বড়বাবু নিজেও বেলা ৫ টার সময় একবার এজেন্টকে ও একবার মহকুমা-শাসককে টেলিফোন করেন, কিন্তু তিনি তখনও শিক্ষকদের দ্বারা প্রহৃত বা অপমানিত হওয়ার কথা বলেননি। কেবল শিক্ষকরা তাঁকে ঘিরে রয়েছেন এই কথাই বলেন। সংবাদের শেষে লিখেছেন যে, পুরপতি এ ব্যাপারে দুপক্ষের বক্তব্য শোনার জন্য ডেকেছেন—এটাও ঠিক নয়। —সামমহম্মদ বিশ্বাস, উপ-পুরপতি, জঙ্গিপুর পুরসভা।

### গঠনমূলক পরামর্শ চাই

গত ১৭-৯-৭৫ তারিখে জঙ্গিপুর সংবাদে সাগরদীঘি যুব-সম্মিলনী বিষয়ে যে তথ্য পরিবেশিত হয়েছে সে সম্পর্কে আমার প্রথম বক্তব্য : 'ডেপুটেড গ্রন্থাগারিকের নিয়োগ' এইরূপ বিবৃতি যেমন সংগতিহীনতায় দুষ্ট তেমনই তার ভিত্তিও দুর্বল। ডেপুটেড গ্রন্থা-গারিক নিয়োগ আদৌ সম্ভব কিনা ইহা বিচার না করে এরূপ সংবাদ পরিবেশনে ম্যানেজিং কমিটির প্রতি কতদূর ন্যায় বিচার করা হয়েছে তা বিবেচ্য। এ প্রসঙ্গে সংশ্লিষ্ট সভ্যকে জানানো যায়নি এ ধরনের কোন অভিযোগ নাই। দ্বিতীয়তঃ পি, এফ এর যথাযথ হিসাব স্থানীয় এলাহাবাদ ব্যাঙ্কে কর্মিদের নামে নং ৯৪৬ ও নং ৯৬০ পাসবুকে নিয়মানুসারে রাখা হয়েছে ও তার যথাযথ বিবরণ পাঠাগার ক্যাশবুকে উল্লিখিত। তৃতীয়তঃ

## জোর করে ধান কাটার দায়ে ধৃত ১৪

সাগরদীঘি, ১৭ অকটোবর—এই থানার খৈরাটিতে আর এস পির বৈদ্যনাথ চ্যাটার্জির নেতৃত্বে একদল লোক সন্তোষ মণ্ডলের ১৪ শতক জমির ধান জোর করে কেটে নিয়ে যায়। এই অভিযোগে পুলিশ একজনকে গ্রেপ্তার করে। অভিযুক্ত বাকী ১৩ জন জঙ্গিপুর আদালতে আত্মসমর্পণ করে।

**আরও গ্রেপ্তারঃ** অপরদিকে রঘুনাথগঞ্জ থানার রাণীনগরে ডাকাতির অভিযোগে ১৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গতকাল রঘুনাথগঞ্জের ছায়াবাণী সিনেমায় টিকিট কাটা নিয়ে অগ্নিফৌজ বনাম বিবেকানন্দ ক্লাবের মধ্যে মারপিটের অভিযোগে বিবেকানন্দ ক্লাবের ৭ জনকে আজ গ্রেপ্তারের পর ছেড়ে দেওয়া হয়। ওই মারপিটে অগ্নিফৌজ ক্লাবের একজন গুরুতরভাবে জখম হয় বলে প্রকাশ।

## বিদেশে ভারতীয়ের সম্মান

সাগরদীঘি, ২১ অকটোবর—সেখদীঘি হাই স্কুলের প্রতিষ্ঠাতা শিক্ষক গোলাম মোস্তফা সাহেবের কনিষ্ঠ ভ্রাতা আবু খালেদ (খোকা) এ বছর লণ্ডনে 'এটম' এর ওপর রিসারচ করে ডক্টরেট উপাধি লাভ করেছেন। খালেদ জঙ্গিপুর কলেজের ছাত্র ছিলেন। আলিগড় বিশ্ববিদ্যালয় থেকে এম-এস-সি পাস করে উচ্চশিক্ষার জন্য তিনি লণ্ডন গিয়েছিলেন।

---

রেজলিউসন বহিতে প্রয়োজনীয় কার্য্যধারার বিবরণী না থাকলে ১০ বৎসর এর মধ্যে কি উর্দ্ধতন কর্তৃপক্ষ এ ধরনের অসংগতি উপেক্ষা করে আসছেন? বস্তুতঃ সভাপতি বি ডি ও/ই ও এস ই সহ-সভাপতি সাগরদীঘি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং অন্যান্য সদস্যরা স্থানীয় শিক্ষিত ও সচেতন যুববৃন্দ গ্রন্থাগার পরিদর্শনের নিয়মাবলী সম্বন্ধে নিশ্চয়ই অজ্ঞ থাকতে পারেন না। সবিনয় নিবেদন, পাঠাগার-এর মত উন্নয়নমূলক সংস্থার উন্নয়নের জন্য যে কোন প্রকার গঠনমূলক পরামর্শ—যে কোন শিবির হতে আমরা সাগ্রহে আহ্বান করার মত সাহস রাখি।

—ভুবনমোহন ব্যানারজি, সম্পাদক, যুব-সম্মিলনী পাঠাগার, সাগরদীঘি

## বাদ-প্রতিবাদ

৮ অকটোবর '৭৫ তারিখের জঙ্গিপুর সংবাদে প্রকাশিত 'জঙ্গিপুর ছাত্রপরিষদ ক্ষমতার অপপ্রয়োগ করছেন' শীর্ষক সংবাদের পরিপ্রেক্ষিতে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ সত্যনারায়ণ সিংহের স্ত্রী অণিমা সিংহ ইচ্ছাকৃতভাবে তাঁর স্বামীর নাম সংবাদের সঙ্গে জড়ানো হয়েছে বলে অভিযোগ করেছেন। তাঁর মতে 'বাড়ীটি জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ সত্যনারায়ণ সিংহের শ্বশুরবাড়ী বলে থ্যাত'-র স্থলে স্বর্গীয় ডাঃ কিশোরীমোহন সিংহ মশায়ের বাড়ী হবে।

## পিটিয়ে হত্যা

রঘুনাথগঞ্জ, ১৭ অকটোবর—একাদশীর রাত্রে এই থানার লালখান্দিয়াড়ে বেগুন চুরি করতে গিয়ে ত্রিমোহিনীর বিভূতি মণ্ডল জনতার হাতে ধরা পড়ে এবং প্রচণ্ড প্রহারে মারা যায়। পুলিশ এ ব্যাপারে ২ জনকে গ্রেপ্তার করেছে।

**মৃতদেহ উদ্ধারঃ** আজ রঘুনাথগঞ্জ থানার মিঠিপুরে পদ্মার ধার থেকে অজ্ঞাত পরিচয় এক ব্যক্তির মুণ্ডহীন মৃতদেহ উদ্ধারের খবর পাওয়া গিয়েছে।

## জেলা তথ্য দপ্তরের খবর

৩০ সেপ্টেম্বর থেকে ৮ অকটোবর পর্যন্ত স্বল্প সঞ্চয় অভিযানের শেষ দিনে বহরমপুর ব্লকের দৌলতাবাদ পল্লীশ্রী ক্লাবে জেলা শাসকের পৌরোহিত্যে অনুষ্ঠিত এক আলোচনাচক্রে স্বল্প সঞ্চয় খাতে ২০,৯৬০ টাকা জমা দেন ওই এলাকার অধিবাসীরা। দৌলতাবাদ গ্রামের ১০২ পরিবারের মধ্যে ৮৬ পরিবারই স্বল্প সঞ্চয়ের আওতায় এসেছেন এবং গ্রামটিকে এক্ষেত্রে আদর্শ গ্রাম বলে ঘোষণা করা হয়েছে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১০ই নভেম্বর, ১৯৭৫

১১।৭৪ স্বত্ব জারী ডিঃ সমসের সেখ দিং দেঃ ইদ্রিশ সেখ মৃতাস্তে ওয়ারিশ নুরহোসেন দিং দাবি ২২৭ টাকা ২২ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ২২ শতক জমি তদুপরিস্থিত ১টা ঘরের ইট, কাঠ, দরজা, জানালা ইত্যাদি আঃ ৬০৲ খং নং ৯০৬

## ৫০ কেজি বিজলী তার উদ্ধার, মহিলা আটক

রঘুনাথগঞ্জ, ২২ অকটোবর—গোপন সূত্রের খবরের ভিত্তিতে রঘুনাথগঞ্জ পুলিশের একজন এস আই একদল পুলিশ নিয়ে গতকাল সুতী থানার আহিরণ গ্রামের দুটি বাড়ীতে তল্লাশী চালিয়ে ৫০ কেজি বিজলী তার উদ্ধার ও আটক করেন। সেই সময় তারগুলো গলানো হচ্ছিল বলে খবর। দুই বাড়ীর মালিকদের না পেয়ে পুলিশ কালু সেখ নামে একজন অভিযুক্তের স্ত্রী রাকিয়া বিবিকে জিজ্ঞাসাবাদ করার জন্য আটক করে। সংবাদটি পুলিশী সূত্রের।

## জুয়া উৎসব

ধুলিয়ান, ২২ অকটোবর—দুর্গাপূজা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে ধুলিয়ান এখন জুয়া উৎসবে মেতে উঠেছে। এই উৎসব কালীপূজা পর্যন্ত চলবে। প্রকাশ্য রাস্তায় নজরুল টি ষ্টল-এর সামনে জুয়া খেলা চলছে। চলছে গঙ্গার ধারে বিভিন্ন স্থানে। ১৫ অকটোবর রাত্রে পুলিশ কাশী ভকতের গুদামে অতর্কিতে হানা দিয়ে ৮ জন জুয়ারীকে গ্রেপ্তার করেছে। প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য, গত বছর স্থানীয় রকেট ক্লাব এই জুয়া উৎসবে বাধা দিয়েছিল। এবার কোথাকার জল কোথায় গিয়ে দাঁড়ায় ধুলিয়ানের জনগণ তাই দেখার অপেক্ষায় বসে রয়েছেন।

## বস্ত্রহীনে বস্ত্রদান

নিজস্ব সংবাদদাতা, ধুলিয়ান ঃ গত ১২ ও ১৩ অক্টোবর মহাষ্টমী ও মহানবমীর পুণ্য তিথিতে ধুলিয়ানের জমিদার বাড়িতে সমরেন্দ্রনাথ রায় ৪০ জন দুঃস্থকে ধুতি, শাড়ি ও থানের কাপড় বিতরণ করেন। নবমীর দিন কাঙালী ভোজন অনুষ্ঠানে বেশ কিছু গরীব দুঃখীকে দুপুরের খাবার দেওয়া হয়।

---


## কর্মখালি

ডেপুটেশন ভেকেন্সীতে একজন শিক্ষণপ্রাপ্ত বি, এ শিক্ষকের প্রয়োজন। সাত দিনের মধ্যে দরখাস্ত করুন।

সম্পাদক,
লস্করপুর বালিয়াঘাটি জুনিয়র হাই স্কুল, পোঃ নস্করপুর
জেলা মুর্শিদাবাদ

---

## শিক্ষক চাই

বোখারা হাজী জুবেদ আলি বিদ্যাপীঠ, পোঃ ধনপৎগঞ্জ, মুর্শিদাবাদ এর জন্য ডেপুটেশন ভেকেন্সিতে গ্রাজুয়েট শিক্ষক প্রয়োজন। ডিগ্রী ক্লাসে ভুগোল ও ইতিহাসসহ শিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। ৭ দিনের মধ্যে সম্পাদকের নিকট আবেদন করুন।

---

সকল প্রকার ঔষধের জন্য

**নির্ণয় ও নিরাময়**

রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

ফোন নং ঃ আর, জি, জি ১৯

---

বিড়ির সেরা

অমর স্পেশ্যাল বিড়ি, মন্দির মার্কা বিড়ি

**মুর্শিদাবাদ বিড়ি ফ্যাক্টরী**

ধুলিয়ান ঃ মুর্শিদাবাদ

---

খেতে ভাল ফোন—২৩

★মুক্তা বিড়ি ★ নুরুল বিড়ি

★রেখা বিড়ি

**ময়না বিড়ি ওয়ার্কস্**

ধুলিয়ান, মুর্শিদাবাদ

ট্রানজিট গোডাউন

ডালকোলা (ফোন—৩৫)

---

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি, সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)

সেলস্ অফিস ঃ গৌহাটি ও তেজপুর

ফোন ঃ ধুলিয়ান—২১

---

**মণীন্দ্র সাইকেল ষ্টোরস্**

রঘুনাথগঞ্জ

হেড অফিস—সদরঘাট

ব্রাঞ্চ—ফুলতলা

বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

## ম্যালেরিয়ায় আরো ৩ জন আক্রান্ত

রঘুনাথগঞ্জ, ২০ অকটোবর—খোদ জঙ্গিপুর শহরের মহাবীরতলায় ১ জন, দফরপুরে ১ জন এবং রাজানগরে ১ জন আবার ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছেন। ম্যালেরিয়ায় আক্রান্ত এলাকাগুলি এই থানার অন্তর্গত। ইতিপূর্বে এই থানারই দস্তামারা গ্রামে ১০ জন ম্যালেরিয়ায় আক্রান্ত হওয়ার খবর জঙ্গিপুর সংবাদে প্রকাশিত হয়েছিল। এই গ্রামে এ রোগ সংক্রামিত হয় বিহারের পার্বত্য অঞ্চল থেকে, মহাবীরতলা ও দফরপুরে কলকাতা থেকে এবং সন্দেহ করা হচ্ছে রাজানগরে ম্যালেরিয়া সংক্রামিত হয়েছে লালগোলা এলাকা থেকে। তার কারণ সেখান থেকে ম্যালেরিয়ায় আক্রান্ত একজন রোগী রাজানগরে এসেছিলেন বলে মহকুমা স্বাস্থ্য দপ্তর খবর পেয়েছেন। দস্তামারায় প্রত্যেকের রক্ত নেওয়া শুরু হয়েছে আট অকটোবর থেকে এবং ম্যালেরিয়া উপদ্রুত এলাকাগুলিতে দ্রুত প্রতিষেধক ব্যবস্থা নেওয়া হয়েছে। এক বিশেষ সাক্ষাৎকারে এ খবর দিয়েছেন জঙ্গিপুর মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডাঃ সেখ বায়তুল্লা।

### ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থা

( ১ম পৃষ্ঠার পর )

দেবে। বাকীটা ব্যাঙ্ক থেকে সংগ্রহ করতে হবে। এর জন্য কোন সিকিউরিটি লাগবে না। তবে কোন ক্ষেত্রেই নগদে অনুদান দেওয়া হবে না, উৎপাদনে সহায়ক যন্ত্রপাতি বা জিনিসপত্র কেনার পর দাম দিয়ে দেওয়া হবে। এবং মান্ধাতা আমলের উৎপাদন পদ্ধতি আঁকড়ে থাকলে চলবে না, অনুদান পেতে হলে ক্ষুদ্র, প্রান্তিক ও ভূমিহীন চাষীদের অবশ্যই আধুনিক পদ্ধতি অনুসরণ করতে হবে।

এ বছর সমষ্টিগতভাবে ৯৫টি টিউবওয়েল, এককভাবে ৬০টি পাম্প-সেট ও ৬০টি টিউবওয়েল বসাবার ব্যবস্থা হয়েছে এবং তুঁত চাষীদের জন্য ৫০ হাজার টাকার সংস্থান রাখা হয়েছে। জেলা শাসককে সভাপতি করে জেলা ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থা ১৩ সদস্যের এক শক্তিশালী কমিটি গঠন করেছেন। কমিটির সদস্যদের মধ্যে বরোঞার ভগীরথ মণ্ডল ও মুর্শিদাবাদের আঃ ওয়াহেদ—এই দু'জন প্রগতিশীল চাষীর নাম উল্লেখযোগ্য।

### কারণ সুধায় খুনের নেশা

( ১ম পৃষ্ঠার পর )

গিয়েছে। দশমীর দিন অধিকাংশ যুবককে মত্ত অবস্থায় দেখে শহরের শান্তিপ্রিয় নাগরিক এবং অভিভাবকরা চিন্তিত হয়েছেন। সাগরদীঘি থেকেও যুবকদের মধ্যে মদ খাওয়ার ঝোঁক বেড়ে যাওয়ার খবর আসছে। পূজোর সময় সমস্ত জায়গায় পথচারীর গায়ে পটকা ফাটিয়ে পৈশাচিক আনন্দে উন্মত্ত হতে দেখা গিয়েছে। স্বাভাবিক-ভাবে পটকা ফাটিয়ে আগামী পূজোর দিনগুলিকে সুন্দর করে তোলার জন্য সকলে এই সব পটকাবাজদের আবেদন জানাচ্ছেন। সঙ্গে সঙ্গে যুবকদের মদ খেতেও নিষেধ করছেন।

## ৩ পুরশিক্ষক সাসপেণ্ড

রঘুনাথগঞ্জ, ২০ অকটোবর—সম্প্রতি জঙ্গিপুর পুরসভা তিনজন পুর প্রাথমিক শিক্ষককে সাসপেণ্ডের আদেশ দিয়ে তাঁদেরকে কেন বরখাস্ত করা হবে না সে সম্পর্কে কারণ দর্শাবার নির্দেশ দিয়েছেন। সমুদ্রগুপ্ত দে, বিনয় পাল ও মাজেদ সেখ হলেন সেই তিন শিক্ষক।

## নিলাম

রঘুনাথগঞ্জ থানার জামুয়ার অঞ্চলের অন্তর্গত প্রসাদপুর নিম্ন-বুনিয়াদী বিদ্যালয়ের অধিকৃত ভগ্ন কাছারী বাড়ী আগামী ৩১।১০।৭৫ তারিখে সকাল ৮-৩০ ঘটিকায় প্রকাশ্য নিলামে বিক্রয় হইবে। ক্রয়েচ্ছুক ডাকদাতাগণকে নির্দিষ্ট সময় উপস্থিত হইবার জন্য অনুরোধ করা যাইতেছে।


নিলামের সর্তাদি বিদ্যালয়ের অফিসে সকাল ৭ ঘটিকা হইতে ১০-৩০ ঘটিকা পর্যন্ত জানিতে পারিবেন।

শ্রীঅমরনাথ ভট্টাচার্য্য
হেড টিচার,
প্রসাদপুর জুনিয়ার বেসিক স্কুল
পোঃ গনকর, জেলা মুর্শিদাবাদ
২২।১০।৭৫

## অনুদান ৪২/২১ টাকা, খয়রাতি সাহায্য ৩ মাসের

বিশেষ প্রতিনিধি, ১৮ অকটোবর—এবার যাঁরা ভ্যাসাকটমি অপারেশন করাবেন তাঁদের নগদে ৪২ টাকা এবং টিউবেকটমি অপারেশনের জন্য নগদে ২১ টাকা অনুদান দেওয়া হবে। বাড়তি সাহায্য হিসেবে দেওয়া হবে প্রত্যেক পরিবারকে ৩ মাসের খয়রাতি। আজ বহরমপুর সারকিট হাউসে সাংবাদিক বৈঠকে এ তথ্য জানিয়ে মুর্শিদাবাদের জেলা শাসক নারায়ণস্বামী রামজী বলেন, জিয়াগঞ্জে সেবাসদনে পয়লা নভেমবর থেকে টিউবেকটমি অস্ত্রোপচার শিবির খোলা হচ্ছে। চলবে ৫ মাস। এখানে টিউবেকটমির লক্ষ্যমাত্রা স্থির হয়েছে আড়াই হাজার। ওই সময়ের মধ্যে অপারেশন করালে উপরোক্ত সাহায্য ও অনুদান পাওয়া যাবে। খয়রাতি সাহায্য যাতে অবশ্যই পাওয়া যায় তার জন্য চেষ্টা চালানো হচ্ছে।

থিন এ্যারারুট ★ ডাইজেসটিভ ★ সবার জন্যই ব্রিটানিয়া
**বামাপদ চন্দ্র এ্যাণ্ড সনস্**
ব্রিটানিয়া বিস্কুট কোম্পানীর জঙ্গিপুর মহকুমার
একমাত্র পরিবেশক।
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ
ফোন : ২৬




রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।